

নং. 4.7

এক্সিকিউটিভ অর্ডার

**নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা  
অব্যাহত রয়েছে**

**যেখানে,** হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সঙ্কট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

**যেখানে,** হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী-সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের ক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

**যেখানে,** স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সম্পূর্ণের তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন আছে;

**এখন, অতএব,** আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নির্বাহী আইনের ধারা 28, অনুচ্ছেদ 2-B দ্বারা আমার উপর ন্যস্ত কত্ব দ্বারা, নির্বাহী আদেশ 4 দ্বারা ন্যস্ত স্টেট দুর্যোগ জরুরি অবস্থা সম্প্রসারণ করছি, যেমনটি নির্বাহী আদেশ 4.6 দ্বারা অব্যাহত করা হয়েছে, এবং 30 এপ্রিল, 2022 তারিখ পর্যন্ত নির্বাহী আদেশ 4, 4.1, 4.2, 4.3, 4.4, 4.5 এবং 4.6 এর অন্তর্ভুক্ত জারিকৃত শর্তাবলী এবং নিষেধাজ্ঞা অব্যাহত রাখছি।

- জনস্বাস্থ্য আইনের 2895-b ধারার সাবডিভিশন 3 এর এবং জনস্বাস্থ্য আইনের 2828 ধারার সাবডিভিশন 1 এর এর নির্বাহী আদেশ 4.4 এর অন্তর্ভুক্ত স্থগিতাদেশসমূহ আর কার্যকর থাকবে না।

আমার স্বহস্তে এবং স্টেটের নিজস্ব সীলমোহরের অধীনে,

অ্যালবানি শহরে দুই হাজার বাইশ সালের

মার্চ মাসের একত্রিশতম দিনে এটি প্রদান

করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব